# ঘৃণাজনিত অপরাধ

## অন্যায়।

## এই বিষয়ে রিপোর্ট করুন।

RHIF DI-ARGYFWNG
24 AWR YR HEDDLU
FFONIWCH 999 MEWN
ARGYFWNG BOB AMSER

101

POLICE 24 HOUR NON-EMERGENCY NUMBER
IN AN EMERGENCY
ALWAYS CALL 999

Cefnogir gan
**Lywodraeth Cymru**
Supported by
**Welsh Government**

#hatecrime

www.report-it.org.uk



# আপনি কি এর শিকার হয়েছেন?



## ঘৃণাজনিত অপরাধ কী?

ঘৃণাজনিত অপরাধ হল এমন একটি অপরাধ যা কোনো মানুষের পরিচয়ের কারণে তার ওপরে ঘটে।

**এর অন্তর্ভুক্ত হল:**

- গালাগালি দেওয়া
- আঘাত করা ও ঘুষি মারা
- তাকে নিয়ে মজা করা
- উৎপীড়ন করা
- কারো দ্বারা আতঙ্কিত হওয়া
- আপনার জিনিসপত্র চুরি করা বা তার ক্ষতি করা



**কোনো ব্যক্তির ওপরে ঘৃণাজনিত অপরাধ নিম্নলিখিত কারণে ঘটতে পারে:**

- জাতি
- ধর্ম বা বিশ্বাস
- যৌন পছন্দ
- কেউ তার লিঙ্গকে কীভাবে দেখে
- প্রতিবন্ধকতার অন্তর্ভুক্ত হল শিক্ষাগত প্রতিবন্ধকতা, শারীরিক প্রতিবন্ধকতা ও মানসিক স্বাস্থ্য




আপনার সাথে যদি কোনো ঘৃণাজনিত অপরাধ ঘটে, আপনি যদি এমন কিছু ঘটতে দেখেন, বা কারো সাথে এটা ঘটেছে বলে আপনি জানেন, তাহলে আপনার পুলিশকে জানানো উচিত। আপনি যদি পুলিশকে জানাতে না চান, তাহলে আপনি ভিক্টিম সাপোর্ট-এর মতো অন্য সংস্থা বা স্থানীয় সম্প্রদায়ভিত্তিক সহায়তা দলগুলির সাথে কথা বলতে পারেন।




# পুলিশকে কীভাবে ঘৃণাজনিত অপরাধের বিষয়ে জানানো যায়

## ব্যক্তিগতভাবে:

আপনি ব্যক্তিগতভাবে স্থানীয় পুলিশ স্টেশনে যেতে পারেন অথবা আপনার কমিউনিটি পুলিশ অফিসার বা PCSO-এর সাথে কথা বলতে পারেন।


## ফোনে:

জরুরী অবস্থায় **999** এ ফোন করুন।

সাধারণ প্রশ্নগুলির জন্য অথবা এখন আর ঘটছে না এমন কোনো অপরাধ বা ঘটনার ব্যাপারে পুলিশকে জানানোর জন্য **101** নম্বরে ফোন করুন।

victim support
find the strength

ভিক্টিম সাপোর্ট লাইন (ফ্রিফোন 24/7)
**0300 30 31 982**



## অনলাইন:

- True Vision – আপনি একটি ঘৃণাজনিত অপরাধের বিষয়ে পুলিশকে জানাতে পারেন **report-it.org.uk** এ
- ভিক্টিম সাপোর্টকে অনলাইনে রিপোর্ট করুন **www.reporthate.victimsupport.org.uk**

## সহায়তা দল:

- আপনি আপনার স্থানীয় এলাকায় সহায়তা দলগুলির সাথে যোগাযোগ করতে পারেন - সহায়তা দলের যোগাযোগগুলির একটি তালিকা পাওয়া যায় True Vision - **www.report-it.org.uk** এ





## আপনি যখন কোনো ঘৃণাজনিত অপরাধের বিষয়ে রিপোর্ট করেন তখন কী ঘটে?

আপনি যখন কোনো ঘৃণাজনিত অপরাধের বিষয়ে রিপোর্ট করেন, তখন পুলিশ খুঁটিয়ে দেখবে কী ঘটেছিল এবং আপনার বক্তব্যকে গুরুত্ব সহকারে নেওয়া হবে।

যারা পুলিশকে কোনো ঘৃণাজনিত অপরাধের বিষয়ে জানায়, তাদের সবাইকে পুলিশ সহায়তা করবে এবং আপনাকে সুরক্ষিত অনুভব করানোর জন্য যথাসাধ্য করবে।




## যদি আপনার সঙ্গে বা অন্য কারো সঙ্গে কোনো ঘৃণাজনিত অপরাধ ঘটে:

- জরুরী অবস্থায় সবসময় **999** এ ফোন করবেন
- যত দ্রুত সম্ভব কোনো নিরাপদ জায়গায় যান
- মনোযোগ আকর্ষণ করার জন্য যত বেশি পারেন আওয়াজ করুন
- সাহায্য নিন
- আপনি যদি কোনো ঘৃণাজনিত অপরাধ ঘটতে দেখেন, তাহলে নিজেকে বিপদে ফেলবেন না
- সবসময় পুলিশকে জানান কী ঘটেছে
- যদি সম্ভব হয়, যা ঘটেছিল সেই ব্যাপারে আপনি যা কিছু মনে করতে পারেন, যে তারিখে ও সময়ে এটা ঘটেছিল, লোকটি যদি আপনার পরিচিত না হয় তাহলে তাকে দেখতে কেমন ছিল এবং তারা কী বলেছিল বা করেছিল, সব কিছু লিখে রাখুন।




# ঘৃণাজনিত অপরাধ অন্যায়।

# এই বিষয়ে রিপোর্ট করুন।

RHIF DI-ARGYFWNG 24 AWR YR HEDDLU
FFONIWCH 999 MEWN ARGYFWNG BOB AMSER
101
POLICE 24 HOUR NON-EMERGENCY NUMBER
IN AN EMERGENCY ALWAYS CALL 999

Cefnogir gan Lywodraeth Cymru
Supported by Welsh Government

#hatecrime

www.report-it.org.uk

Print Ref: 2099-15